

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১০২৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. প্রথম অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদা

بَابُ سُجُودِ الْقُرْآنِ

আরবী

وَعَنْ ابْنِ عُمَرَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ (السَّجْدَةَ) وَنَحْنُ عِنْدَهُ فَيَسْجُدُ وَنَسْجُدُ مَعَهُ فَنَزْدَحِمُ حَتَّى مَا يَجِدُ أَحَدُنَا لِحَبْثِهِ مَوْضِعًا يَسْجُدُ عَلَيْهِ

বাংলা

১০২৫-[৩] ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন সাজদার আয়াত তিলাওয়াত করতেন, আর আমরা তাঁর নিকটে থাকতাম, তখন তিনি সাজদায় গেলে আমরাও তাঁর সঙ্গে সঙ্গে সিজদা (সিজদা/সেজদা) করতাম। এ সময় এত ভিড় হত যে, আমাদের কেউ কেউ কপাল মাটিতে রাখার জায়গা পেতো না যার উপর সে সিজদা (সিজদা/সেজদা) করবে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১০৭৬, মুসলিম ৫৭৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: السَّجْدَةَ - يَقْرَأُ “সাজদার আয়াত পাঠ করতেন” অর্থাৎ পূর্বের আয়াতের সাথে অথবা পরবর্তী আয়াতের সাথে সাজদার আয়াত পাঠ করতেন অথবা বৈধতা প্রমাণের জন্য পৃথকভাবে শুধু সাজদার আয়াত পাঠ করতেন। এটাও বলা হয় যে, তিনি এমন সূরাহ পাঠ করতেন যাতে সাজদার আয়াত বিদ্যমান। বুখারীর বর্ণনাতে এ অর্থের সমর্থন পাওয়া যায় যাতে উল্লেখ আছে তিনি আমাদের নিকট এমন সূরাহ পাঠ করতেন যাতে সিজদা (সিজদা/সেজদা) রয়েছে।

‘ভিড়ের কারণে আমাদের মধ্যে কোন কোন ব্যক্তি সিজদা করার জন্য কপাল রাখার জায়গা পেত না’ সিজদা

(সিজদা/সেজদা) করার জায়গা পাওয়া না গেলে কি করবে? এ বিষয়ে ‘আলিমদের মাঝে মতানৈক্য রয়েছে।

‘উমার (রাঃ) বলেনঃ যে জায়গা না পাবে সে তার ভাই এর পিঠের উপর সিজদা করবে। ইমাম বায়হাকী এটি সহীহ সানাতে বর্ণনা করেছেন। ‘আত্বা এবং যুহরী বলেন, সে বিলম্ব করবে, অন্যরা সিজদা শেষে মাথা উঠানোর পর সে সিজদা করবে। এটা ইমাম মালিক এবং জমহূর ‘আলিমদের অভিমত।

হাদীসের শিক্ষাঃ সিজদা এর আয়াত শ্রবণকারীও সিজদা করবে যদি তিলাওয়াতকারী সিজদা করে। এতে এ ইঙ্গিতও পাওয়া যায় তিলাওয়াতকারী সিজদা না করলে শ্রবণকারী সিজদা করবে না। হানাবেলা এবং মালিকী ‘আলিমগণের এ অভিমত। পক্ষান্তরে ইমাম শাফি‘ঈর মতে তিলাওয়াতকারী সিজদা না করলেও শ্রোতা সিজদা করবে। হানাফীদের অভিমত ও তাই। তবে আমার (মুবারকপুরী) মতে হাম্বলী ও মালিকীদের অভিমত প্রকাশমান।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55585>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন